কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি মন্ত্রণালয়, বীজ শাখা-১**
**বাংলাদেশ সচিবালয়**
**www.moa.gov.bd**

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৮.০৩.০০১.২৩.৩২**

**তারিখ : ০৯ ফাল্গুন ১৪২৯ / ২২ ফেব্রুয়ারি ২০২৩**

**বিষয় : সিড প্রমোশন কমিটির ১০৪তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

সিড প্রমোশন কমিটির সভাপতি ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার মহোদয়ের সভাপতিত্বে ১২-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত সিড প্রমোশন কমিটির ১০৪ তম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ১০৪তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।

22/02/2023

**মোঃ কামরুল হাসান খান**
সহকারী বীজতত্ত্ববিদ
ফোন: ৫৫১০০৬৮৯
E-mail : kamrulseed1@moa.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
০২। অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
০৩. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
০৪। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
০৫। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৬। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২০৫;
০৭। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৮। মহাপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২০৫;
০৯। মহাপরিচালক, বারি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১০। মহাপরিচালক, বিজেআরআই, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭;
১১। মহাপরিচালক, ব্রি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১২। মহাপরিচালক, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১৩। মহাপরিচালক, বিনা, বাকৃবি ক্যাম্পাস, ময়মনসিংহ-২২০২;
১৪। মহাপরিচালক, বিডব্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর-৫২০০;
১৫। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী-৬০০০;
১৬। পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২০৫;
১৭। পরিচালক, এসসিএ, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৮। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ফার্মগেট, ঢাকা-১২০৫;
১৯। বিভাগীয় প্রধান, সীড সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ-২২০২;
২০। সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ ছিদ্দিক বাজার, ঢাকা-১০০০।
২১। প্রধান বীজতত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (**কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
০৪। অফিস কপি।

কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

# 'সিড প্রমোশন কমিটি'-এর ১০৪তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : জনাব ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ১২ ফেব্রুয়ারি ২০২৩
**সময়** : সকাল ১০.৩০ মিনিট
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ঘ'

মাতৃভাষার জন্য জীবনদানকারী ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা ও সম্মান জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় অংশগ্রহণের জন্য সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর সভাপতি সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রধান বীজতত্ত্ববিদকে আহবান জানালে তিনি সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। সিড প্রমোশন কমিটি-এর ১০৩তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

জাতীয় বীজ বোর্ডের সিড প্রমোশন কমিটি-এর ১০৩তম সভা ০২/১১/২০২২ তারিখে সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ১৪/১১/২০২২ তারিখে ১২.০০.০০০০.০৯৮.০৩.০০১.২০.২৭৮ সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। অদ্যাবধি এ বিষয়ে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় সিড প্রমোশন কমিটি-এর ১০৩ তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। সিড প্রমোশন কমিটির ১০০ তম সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| বিষয় | বিগত সভার সিদ্ধান্ত ও পর্যালোচনা | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| **২.১) ২০২২-২৩ উৎপাদন মৌসুমে আউশ ধান বীজের জাতওয়ারি বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।** | ২০২২-২৩ বর্ষে বিএডিসি' র নিকট সরবরাহের জন্য ৪৭৯১.৮ মে.টন আউশ ধানবীজ মজুদ ছিল। ২০২২-২৩ বর্ষে ২৮,৫৫০ মে.টন আউশ ধান বীজের জাতীয় চাহিদার পরিপ্রেক্ষিতে বিএডিসি ৬,৪৩৬ মে.টন বীজ উৎপাদন করবে। গবেষণা প্রতিষ্ঠান হতে ২০২২-২৩ সালে ১৩,৮১০ কেজি বীজ বিএডিসিকে সরবরাহ করবে।<br>তাছাড়া ২০২২-২৩ মৌসুমে বিএমডিএ' র নিকট বিতরণের জন্য স্থিতি বীজের পরিমাণ ২১.৬৪ মে.টন। ২০২২-২৩ বর্ষে বিএমডিএ ৫০ মে.টন শ্রেণি ও জাতওয়ারি আউশ ধানবীজ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করবে। গবেষণা প্রতিষ্ঠান হতে ২০২২-২৩ সালে ৫০কেজি প্রজনন বীজ বিএমডিএকে সরবরাহ করবে। | বিএডিসি সভায় জানান ৬,৪৩৬ মে.টন আউশ ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৬৬৩১.৫ মে.টন বীজ উৎপাদন করেছে।<br>বিএমডিএ সভায় জানান ৫০ মে.টন আউশ ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৮.৮১ মে.টন বীজ উৎপাদন করেছে। |
| **(২.২) ২০২২-২৩ উৎপাদন মৌসুমে পাট বীজের জাতওয়ারি বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।** | ২০২১-২২ বর্ষে বিএডিসি ১,৩২০.৯ মে.টন পাট বীজ সরবরাহ করবে। আসন্ন ২০২২-২৩ বর্ষে ৪,৯২৮ মে.টন পাট বীজের জাতীয় চাহিদার পরিপ্রেক্ষিতে বিএডিসি ১,৪৫০ মে.টন শ্রেণি ও জাতওয়ারি দেশি, তোষা ও কেনাফ জাতের পাটবীজ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করবে। গবেষণা প্রতিষ্ঠান হতে ২০২২-২৩ সালে ৬৭৭.৩৮ কেজি প্রজনন বীজ বিএডিসিকে সরবরাহ করবে। | বিএডিসি ১,৪৫০ মে.টন পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১,৩২৮ মে.টন পাটবীজ সংগ্রহ করেছে। |

আলোচ্য বিষয় ৩। **আসন্ন ২০২৩-২৪ উৎপাদন মৌসুমে আউশধান বীজের শ্রেণি ও জাতওয়ারি উৎপাদন পরিকল্পনা প্রণয়ন ও সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভাপতি মহোদয় সভায় জানান যে, আমাদেরকে আউশ মৌসুমে ধান উৎপাদনকে গুরুত্ব দিয়ে কাজ করতে হবে। তিনি সভায় আরও বলেন গত আমন মৌসুমে লক্ষ্যমাত্রার চেয়ে অতিরিক্ত ধান উৎপাদন হয়েছে সেভাবে আউশ মৌসুমেও আমাদের ধানের উৎপাদন বৃদ্ধি করতে হবে। সে প্রেক্ষিতে আসন্ন ২০২৩-২৪ উৎপাদন বর্ষে ১৪ লক্ষ্ হেক্টর জমিতে আউশ ধান উৎপদান লক্ষ্যমাত্রা গ্রহণ করতে হবে। মহাপরিচালক (ব্রি) জানান যে, আউশ মৌসুমে ধান চাষাবাদে কিছু সমস্যার কারণে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয় না। তার মধ্যে অন্যতম আমরা আউশ ধান রোপনের জন্য বৃষ্টির অপেক্ষায় থাকি ফলে সঠিক সময়ে চারা রোপন সম্ভব হয় না। আউশ ধানবীজ রোপন কার্যক্রম অবশ্যই ১৫ মে এ মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রয়োজনে সম্পূরক সেচ দিতে হবে। ১৫-২০ দিনের বেশি বয়সের চারা রোপন করা যাবে না। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি জানান যে ১৪ লক্ষ হেক্টর জমি চাষাবাদের জন্য ৩৫০০০ মে. টন বীজের প্রয়োজন হবে এর মধ্যে বিএডিসি ৬৬৩১.৫ মে.টন, বিএমডিএ ৩৮.৮১ মে. টন এবং ডিএই'র প্রকল্প হতে চাষি পর্যায়ে ৪,৭৯৩ মে. টন বীজ সরবরাহ করবে। এছাড়া আসন্ন ২০২৩-২৪ উৎপাদন মৌসুমে বিএডিসি ০৯ টি জাতের মোট ৬৯৯৫ মে.টন বীজ উৎপাদন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।<br><br>সভাপতি সভায় বলেন যে, আমাদের নতুন সম্ভাবনাময় জাতগুলো দ্রুত সম্প্রসারণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) ২০২২-২৩ উৎপাদন মৌসুমে বিএডিসি ৪৮০২.৫৫১ মে.টন আউশ ধান বীজ সরবরাহ করেছে। আসন্ন ২০২৩-২৪ উৎপাদন মৌসুমে বিএডিসি'র নিকট বিতরণের জন্য স্থিতি বীজের পরিমাণ ৬৬৩১.৫ মে.টন। ২০২৩-২৪ বর্ষে ৩৫,০০০ মে.টন আউশ ধান বীজের জাতীয় চাহিদার পরিপ্রেক্ষিতে বিএডিসি শ্রেণি ও জাতওয়ারি ৬,৯৯৫ মে.টন আউশ ধানবীজ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করবে। গবেষণা প্রতিষ্ঠান হতে ২০২২-২৩ সালে ১২.৯৮৫ মে.টন প্রজনন বীজ বিএডিসিকে সরবরাহ করবে। এ বিষয়ে বিস্তারিত সংযুক্ত ছক-'ক' মোতাবেক নির্ধারণ করা হলো।<br><br>(২) ২০২২-২৩ মৌসুমে বিএমডিএ ২১.৬৪ মে.টন আউশ ধান বীজ সরবরাহ করেছে। আসন্ন ২০২৩-২৪ মৌসুমে বিএমডিএ'র নিকট বিতরণের জন্য স্থিতি বীজের পরিমাণ ৩৮.৮১ মে.টন। ২০২৩-২৪ বর্ষে বিএমডিএ ৫০ মে.টন শ্রেণি ও জাতওয়ারি আউশ ধানবীজ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করবে। গবেষণা প্রতিষ্ঠান হতে ২০২২-২৩ সালে ৬০কেজি প্রজনন বীজ বিএমডিএকে সরবরাহ করবে। এ বিষয়ে বিস্তারিত সংযুক্ত ছক-'খ' মোতাবেক নির্ধারণ করা হলো।<br><br>(৩) আসন্ন ২০২৩-২৪ উৎপাদন মৌসুমে ১৪ লক্ষ হেক্টর জমিতে আউশ ধান উৎপাদন লক্ষ্যমাত্রা নিয়ে ডিএই'কে কার্যক্রম শুরু করতে হবে।<br><br>(৪) মার্চ মাসের মধ্যে চলতি আউশ মৌসুমের সকল ধানবীজ কৃষক পর্যায়ে সরবরাহের জন্য বিএডিসি এবং ডিএই'কে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>(৫) আসন্ন আউশ মৌসুমে ১৫-২০ দিন বয়সের আউশ ধানের চারা রোপণ এবং ১৫ই মে তারিখের মধ্যে সকল জমিতে রোপণ কার্যক্রম সম্পন্ন এবং প্রয়োজনে সম্পূরক সেচের ব্যবস্থা গ্রহণ করার জন্য ডিএই, বিএডিসি এবং গবেষণা প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের সচেষ্ট থাকতে হবে। |

**আলোচ্য বিষয় ৪। আসন্ন ২০২৩-২৪ উৎপাদন মৌসুমে পাট বীজের শ্রেণি ও জাতওয়ারি উৎপাদন পরিকল্পনা প্রণয়ন ও সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী দেশে পাটবীজ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বিএডিসি পাটবীজ উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা হাতে নিয়েছে। সেলক্ষ্যে চলতি মৌসুমে বিতরণের জন্য ১৩২৮মে.টন বীজ সংগ্রহ করেছে। তিনি আরও বলেন যে, দেশে কেনাফ বীজের প্রচুর চাহিদা রয়েছে। বিএডিসি কেনাফের বীজ উৎপাদনের পরিমান আরও বৃদ্ধি করতে পারে।<br><br>বিজেআরআই-এর প্রতিনিধি সভায় জানান আমাদের কেনাফের জাত ভাল। তিনি কেনাফের বীজ আমদানি না করে দেশে উৎপাদিত বীজ চাষিদের মাঝে বিতরণের অনুরোধ জানান। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) সভায় জানান আমাদের দেশের কেনাফের জাতটিতে হলুদ মোজাইক ভাইরাস দেখা যায় এবং বীজ গজানোর হার দ্রুত কমতে থাকে এবং কেনাফের জাতীয় চাহিদা বিবেচনা করে বিএডিসি'র মাধ্যমে ভালো জাতের ভারতীয় কেনাফ বীজ আমদানির প্রস্তাব দেন। সভাপতি বলেন যে পাট ও কেনাফ বীজ আমদানির বিষয়ে জাতীয় বীজ বোর্ডের সভায় সিদ্ধান্ত নেয়া হবে। জেআরও ৫২৪ পাটবীজের তোষা জাতের আলোচনার এ পর্যায়ে বিএসএ'র প্রতিনিধি সভায় বলেন গতবারের ন্যায় পাটবীজ আমদানির ক্ষেত্রে পুরতন আমদানিকারকদের ৮০ ভাগ এবং নতুনদের ২০ ভাগ কোটা বরাদ্দের অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সচিব মহোদয় অভিজ্ঞ বীজ ব্যবসায়ীদের গুরুত্ব দিয়ে সচিব মহোদয় বীজ আমদানির ক্ষেত্রে গতবারের ন্যায় পুরাতন আমদানিকারকদের ৮০ ভাগ এবং নতুনদের মধ্যে ২০ ভাগ কোটা বরাদ্দের নির্দেশ দেন।<br>বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়। | চলতি ২০২২-২৩ বর্ষে বিএডিসি ১,৩২৮ মে.টন পাট বীজ সরবরাহ করবে। আসন্ন ২০২৩-২৪ বর্ষে ৬,৩৬৩ মে.টন পাট বীজের জাতীয় চাহিদার পরিপ্রেক্ষিতে বিএডিসি ৯৬০.৬০ মে.টন শ্রেণি ও জাতওয়ারি দেশি, তোষা ও কেনাফ জাতের পাটবীজ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করবে। গবেষণা প্রতিষ্ঠান হতে ২০২৩-২৪ সালে ৬৩৪.০১ কেজি প্রজনন বীজ বিএডিসিকে সরবরাহ করবে। এ বিষয়ে বিস্তারিত ছক-'গ' মোতাবেক নির্ধারণ করা হলো।<br><br>২। ২০২৩-২৪ বর্ষে পাটবীজ আমদানির ক্ষেত্রে পুরানো অভিজ্ঞ আমদানিকারকদের ৮০ ভাগ এবং নতুনদের মাঝে ২০ কোটা বরাদ্দ করবে। |

পরিশেষে সভাপতি মানসম্পন্ন বীজের ব্যবহার বৃদ্ধিতে কৃষকদের উদ্বুদ্ধ করতে অনুরোধ করেন এবং সভায় মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/২/২৩

**ওয়াহিদা আক্তার**
সচিব
কৃষি মন্ত্রণালয়।

## ২০২৩-২৪ বর্ষে বিএডিসি'র মাধ্যমে শ্রেণি ও জাতওয়ারী আউশ ধানবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা

| ক্র: নং | জাতের নাম | ২০২২-২৩ মৌসুমে বিতরণ | ২০২৩-২৪ মৌসুমে বিএডিসির | জাতীয় চাহিদা | | আসন্ন ২০২৩-২৪ মৌসুমে বিতরণের জন্য স্থিতি বীজের পরিমাণ (মে.টন) | | | | | ২০২৩-২৪ উৎপাদন মৌসুমে বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা (মে.টন) | | | প্রজনন বীজের চাহিদা (কেজি) ২০২৩-২৪ | প্রজনন বীজের মজুদ (কেজি) ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | প্রজনন | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | মোট | ভিত্তি | প্রত্যায়িত | মোট | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১ | বিআর২৬ | ৪২.৪৮৫ | ১৭.০ | ০ | ০ | ০.০ | ৩.৯ | ০.০ | ০.০ | ৩.৯ | **৯.০** | **০.০** | **৯.০** | ৭০.০ | ১৪০.০ |
| ২ | ব্রি ধান৪৮ | ৪৪০০.৩৬১ | ১৩০৬.০ | ১৭৫৫০ | ১৮৪৫০ | ০.০ | ৫৬৯.৯ | ৪৩৪৮.৯ | ০.০ | ৪৯১৮.৭ | **৫৬৬.০** | **৩৭২২.০** | **৪২৮৮.০** | ৪১৯৯.০ | ১৫৫৯০.০ |
| ৩ | ব্রি ধান৬৫ | ৩৪.৩৩ | ৩৫.০ | ২৭৬ | ৩৩০ | ০.০ | ০.০ | ০.০ | ০.০ | ০.০ | **১২.০** | **০.০** | **১২.০** | ১০০.০ | ১৪০.০ |
| ৪ | ব্রি ধান৮২ | ৬ | ৬০.৫ | ১০৪৪ | ১৬৫০ | ০.০ | ১৫৭.৭ | ০.০ | ১৩৩.৫ | ২৯১.২ | **১৫৭.০** | **১৪৩.০** | **৩০০.০** | ১৩৫০.০ | ১৪৫০.০ |
| ৫ | ব্রি ধান৮৩ | ৭.৩৫ | ১৮.০ | ২২৫ | ৩৬০ | ০.০ | ৭.৩ | ০.০ | ০.০ | ৭.৩ | **২৪.০** | **০.০** | **২৪.০** | ২০০.০ | ৫৭০.০ |
| ৬ | ব্রি ধান৮৫ | ১৫৬.৪৬ | ১৬১.৫ | ১৫৬৯ | ২০৫৫ | ০.০ | ১০.৬ | ০.০ | ১৪৬.৮ | ১৫৭.৪ | **১২.০** | **২০০.০** | **২১২.০** | ১০০.০ | ১৫২০.০ |
| ৭ | ব্রি ধান৯৮ | ০ | ০.০ | ৩০০ | ৬০০ | ০.০ | ৭৯৪.৬ | ০.০ | ১৪৪.১ | ৯৩৮.৭ | **৮৭০.০** | **৮৮০.০** | **১৭৫০.০** | ৬৩৮৬.০ | ১৩৭৬০.০ |
| ৮ | বিনা ধান১৯ | ১৪৭.৬১৫ | ৯৪.৫ | ৮৯৬ | ১১৩৪ | ০.০ | ৮০.৯ | ১৪০.৭ | ০.০ | ২২১.৬ | **১৭.০** | **২৩৩.০** | **২৫০.০** | ১৫০.০ | ১৫০০.০ |
| ৯ | বিনা ধান২১ | ৭.৯৫ | ৩১.০ | ১৫০ | ১৮০ | ০.০ | ৮২.২ | ১০.৫ | ০.০ | ৯২.৭ | **৫৪.০** | **৯৬.০** | **১৫০.০** | ৪৩০.০ | ১০২০.০ |
| | সর্বমোট | ৪৮০২.৫৫১ | ১৭২৩.৫ | ২২০১০.০ | ২৪৭৫৯.০ | ০.০ | ১৭০৭.১ | ৪৫০০.১ | ৪২৪.৪ | ৬৬৩১.৫ | **১৭২১.০** | **৫২৭৪.০** | **৬৯৯৫.০** | ১২৯৮৫.০ | ৩৫৬৯০.০ |

ছক : খ

২০২৩-২৪ বর্ষে বিএমডিএ'র মাধ্যমে শ্রেণি ও জাতওয়ারী আউশ ধানবীজ উৎপাদান লক্ষ্যমাত্রা

| ক্রঃ নং | ফসলের নাম | জাতের নাম | ২০২১-২২ মৌসুমে বিতরণ (মে.টন) | জাতীয় চাহিদা | | আসন্ন ২০২২-২৩ মৌসুমে বিতরনের জন্য স্থিতি বীজের পরিমাণ (মে.টন) | | | | | আসন্ন ২০২৩-২৪ মৌসুমেবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা(মে.টন) | | | | | প্রজননন বীজের চাহিদা (কেজি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | প্রজনন | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | মোট | প্রজনন | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | মোট | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১ | আউশ ধান | ব্রি ধান৪৮ | ০.৬৯ | - | - | - | - | ৪.৭৯ | - | ৪.৭৯ | - | ১.০০ | - | - | ১.০০ | ১০.০০ | ১০.০০ |
| | | ব্রি ধান৬৫ | ৭.৪৯ | - | - | - | - | - | - | ০.০০ | - | - | - | - | ০.০০ | - | - |
| | | ব্রি ধান ৯৮ | - | - | - | - | ২.০৮ | - | - | ২.০৮ | - | ৩.০০ | ২৪.০০ | - | ২৭.০০ | ৩০.০০ | ৩০.০০ |
| | | বিনা ধান-১৯ | ১৩.৪৬ | - | - | - | ১.৪৮ | ২৫.২৪ | ৪.৯২ | ৩১.৬৪ | - | ২.০০ | ২০.০০ | - | ২২.০০ | ২০.০০ | ২০.০০ |
| মোট : | | | ২১.৬৪ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৩.৮৬ | ৩০.০৩ | ৪.৯২ | ৩৮.৮১ | ০.০০ | ৬.০০ | ৪৪.০০ | ০.০০ | ৫০.০০ | ৬০.০০ | ৬০.০০ |

ছক-গ

# ২০২৩-২৪ বর্ষে বিএডিসি'র মাধ্যমে শ্রেণি ও জাতওয়ারী পাটবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা

| ক্র: নং | ফসলের নাম | জাতের নাম | ২০২২-২৩ মৌসুমে বিতরণ (মে.টন) | জাতীয় চাহিদা (ম.টন) | | আসন্ন ২০২৩-২৪ মৌসুমে বিতরণের জন্য স্থিতি পাটবীজের পরিমাণ (মে.টন) | | | | আসন্ন ২০২৩-২৪ মৌসুমে পাটবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন) | | | প্রজনন বীজের চাহিদা (কেজি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ভিত্তি | প্রত্যয়িত | মানঘোষিত | মোট | ভিত্তি | প্রত্যয়িত | মোট | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৯ | ১০ | ১১ | ১৩ | ১৪ | ১৬ | ১৭ | ১৮ |
| ১ | দেশি পাটবীজ | সিভিএল-১ | ৪৪৫.৪৪ | ১৩৩ | ১৩৫ | ৬.৫০০ | ৩৭১.৫ | ১.৫১ | ৩৭৯.৫১ | ৬.৫০০ | ৩৭১.৫০ | ৩৭৮.০০ | ৯৭.৫০ | ৯৭.৫০ |
| ২ | | বিজেসি-৭৩৭০ | ৩১.২ | ১৭ | ১৭ | ১.৫০০ | ২৪ | ১.১৪ | ২৬.৬৪ | ১.৫০০ | ২৪.০০ | ২৫.৫০ | ২২.৫০ | ২২.৫০ |
| ৩ | | বিজেআরআই দেশি পাট শাক-১ | ০.১৩৭ | | | ০.৬০০ | ১ | ২.১ | ৩.৭ | ০.৬০০ | ১.০০ | ১.৬০ | ৯.০০ | ৯.০০ |
| ৪ | | বিজেআরআই দেশি পাট -৮ | ০.৪৯৩ | | | ২.০০০ | ১ | ০.৯ | ৩.৯ | ১.০০০ | ১.০০ | ২.০০ | ১৫.০০ | ১৫.০০ |
| ৫ | | বিজেআরআই দেশি পাট- ৯ | | | | ২.০০০ | ১ | ২.৫৮ | ৫.৫৮ | ১.০০০ | ১.০০ | ২.০০ | ১৫.০০ | ১৫.০০ |
| ৬ | | বিজেআরআই দেশি পাট- ১০ | | | | | | | | ২.০০০ | | ২.০০ | ৩০.০০ | ৩০.০০ |
| ৭ | | বিনা পাটশাক -১ | ০.৬৩ | | | ০.৮০০ | ১ | ০.৩৯ | ১.৭৯ | ০.৮০০ | ১.০০ | ১.৮০ | ৬.০০ | ৬.০০ |
| ৮ | | বিনা পাটশাক -২ | | | | ০.৮০০ | ০.৫ | ০.৩৪ | ১.২৪ | ০.৮০০ | ০.৫০ | ০.৯০ | ৬.০০ | ৬.০০ |
| ৯ | | অন্যান্য জাত | | ১৪১ | ১৪১ | | | | | | | | | |
| মোট দেশি পাট | | | ৪৭৭.৯০ | ২৯১ | ২৯৩ | ১৩.৪০০ | ৪০০ | ৮.৯৬ | ৪২২.৩৬ | ১৩.৪০ | ৪০০.০০ | ৪১৩.৪০ | ২০১.০০ | ২০১.০০ |
| ১০ | কেনাফ | এইচ সি-৯৫ | | ৯৬ | ১০০ | ১.৪০০ | ৪ | ০.৭৯ | ৬.১৯ | ১.৪ | ২৮.৬০ | ৩০.০০ | ২০.০০ | ২০.০০ |
| ১১ | | বিজেআরআই কেনাফ ৪ | | ৭ | ৭ | ০.৭০০ | ০ | ০ | ০.৭ | ০.৭ | ৯.৩০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| ১২ | | অন্যান্য জাত(মেসতা/কেনাফ) | | ৪৭৩ | ৪৭৯ | | | | | | | | | |
| মোট কেনাফ | | | | ৫৭৬ | ৫৮৬ | ২.১ | ৪ | ০.৭৯ | ৬.৮৯ | ২.১০ | ৩৭.৯০ | ৪০.০০ | ৩০.০০ | ৩০.০০ |
| ১৩ | তোষা পাটবীজ | জেআরও-৫২৪ | | ৩৭৬০ | ৩৬০০ | | | | | | | | | |
| ১৪ | | ও - ৯৮৯৭ | ৫ | ৭৩৬ | ৭২০ | ১ | ৪ | ০.৭ | ৫.৭ | ১.০০ | ৫.০০ | ৬.০০ | ১২.৯২ | ১২.৯২ |
| ১৫ | | বিজেআরআই তোষা পাট ৭ | | | | ০.২ | ০ | ০ | ০.২ | ০.২০ | ১.০০ | ১.২০ | ২.৫৮ | ২.৫৮ |
| ১৬ | | বিজেআরআই তোষা পাট ৮ (রবি-১) | ৪৫৪ | ৪৪০ | ৬৪০ | ৩৩.৩ | ৪৪৬ | ৪০৮.৭ | ৮৮৭.৯৭ | ৩০.০০ | ৪৭০.০০ | ৫০০.০০ | ৩৮৭.৫১ | ৩৮৭.৫১ |
| ১৭ | | বিএডিসি তোষা পাট-১ | | | | ০ | ০ | ৫.২ | ৫.২ | | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৮ | | অন্যান্য জাত | | ৫৬০ | ৬০০ | | | | | | | | | |
| মোট তোষা | | | ৪৫৯ | ৫৪৯৬ | ৫৫৬০ | ৩৪.৫ | ৪৫০ | ৪১৪.৬ | ৮৯৯.০৭ | ৩১.২০ | ৪৭৬.০০ | ৫০৭.২০ | ৪০৩.০১ | ৪০৩.০১ |
| সর্বমোট পাটবীজ | | | ৯৩৬.৯০ | ৬৩৬৩ | ৬৪৩৯ | ৫০ | ৮৫৪ | ৪২৪.৩ | ১৩২৮.৩ | ৪৬.৭০ | ৯১৩.৯০ | ৯৬০.৬০ | ৬৩৪.০১ | ৬৩৪.০১ |